পৃষ্ঠা – ৩ .. কলাম... ... ......

দৈনিক ইনকিলাব

# রাবিতে ২ জন শিক্ষকের নৈতিক স্খলন: শাস্তির বিধান নিয়ে নানা প্রশ্ন উঠেছে

রাঃবি রিপোর্টার ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের দু'জন শিক্ষকের নৈতিক স্খলের বিষয়টি ক্যাম্পাসে তোলপাড় উঠেছে। আলোচনা চলছে এই অপরাধে তাদের বিরুদ্ধে কিরূপ শাস্তির বিধান বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নেবেন। নাকি পার পেয়ে যাবেন তারা?

ইতিহাস বিভাগের প্রফেসর ফারুক উজ জামানের স্ত্রী বিশ্ববিদ্যালয়ের ভিসি এবং হিসাববিজ্ঞান বিভাগের চেয়ারম্যানকে পৃথক চিঠি দিয়ে তার ঘর ভাঙ্গার জন্য হিসাববিজ্ঞান বিভাগের প্রভাষিকা রুখসানা বেগম স্বাতীকে দায়ী করেছেন। তিনি এর বিচার চেয়েছেন। অন্যদিকে ঢাকা থেকে প্রকাশিত 'দি গার্ডিয়ান' পত্রিকার সম্পাদক বিশ্ববিদ্যালয়ের ভিসি, রেজিস্ট্রার সকল সিন্ডিকেট সদস্যসহ সংশ্লিষ্ট ব্যক্তিদের কাছে এক দীর্ঘ। দিয়েছেন। এতে তিনি উল্লেখ করেছেন তার স্ত্রী রুখসানা বেগম স্বাতী প্রফেসর ফারুক উজ জামানের সাথে অনৈতিক সম্পর্ক গড়ে তুলেছেন। তারা এখন একই সাথে বসবাসও শুরু করেছেন। অথচ স্বাতী এখনো তার বিবাহিত স্ত্রী হিসেবে বহাল রয়েছেন। তাদের এই চিঠি ও বিচার দাবীর বিষয়টিই এখন ক্যাম্পাসের প্রধান আলোচনার বিষয়বস্তুতে পরিণত হয়েছে। কয়েকজন প্রবীণতম শিক্ষক মন্তব্য করেন, নৈতিক স্খলনজনিত কারণে বিশ্ববিদ্যালয়ের যে কোন শিক্ষক/শিক্ষিকা চাকরি হারাতে পারেন।

এদিকে লোক প্রশাসন বিভাগের শিক্ষক রিয়াজুল হকের বিরুদ্ধে সমকামিতার অভিযোগে ছাত্রছাত্রীরা মিছিল, সমাবেশ ও পোস্টারিং করেছে। তারাও উক্ত শিক্ষকের বহিষ্কার দাবী করেছে। উল্লেখিত দু'টি ঘটনার প্রেক্ষিতে অন্য শিক্ষকদের নৈতিক স্খলনজনিত বিষয়টিও আলোচনায় চলে আসছে। ছাত্রছাত্রীরা এসব শিক্ষকদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের দাবী জানিয়েছে।